কেন্দ্রীয় যুবলীগের সদস্য পদ পেলেন মেহেরপুরের বাবু মল্লিক, রেজা ও জাকির

কেন্দ্রীয় আওয়ামী যুব লীগের সদস্য পদ লাভ করেছেন মেহেরপুরের তিন রাজনীতিক। তারা হলেন মুজিবনগরের জেমস মল্লিক স্বপন বাবু, গাংনীর রেজাউল ইসলাম ও জাকিরুল ইসলাম।

আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল ইসলাম নিখিল পুর্নাঙ্গ কমিটির অনুমোদন দেন।

মেহেরপুরের তিন রাজনীতিক যুবলীগের কেন্দ্রীয় কমিটিতে স্থান পাওয়ায় তাদের অভিনন্দন জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমনসহ রাজনীতিকরা।

জেমস স্বপন মল্লিক বাবু মুজিবনগর উপজেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়ত্ব পালন করেছেন। গাংনীর রেজাউল ইসলাম কেন্দ্রীয় ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

কুষ্টিয়ার দৌলতপুরের তারেক আল মামুন হলো নির্বাহী কমিটির সদস্য। ঢাঃবিঃ ছাত্রলীগের ও কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি ছিল।

মেহেরপুরে বিভক্ত যুবলীগের পৃথক প্রোগ্রাম, একে অপরের

কাদা ছোড়াছুড়ি

মেহেরপুরে জেলা যুবলীগের ব্যানারে পৃথকভাবে পালন করা হয়েছে যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী। প্রায় ৫ বছর ধরে আহবায়ক কমিটির আহবায়ক মাহফুজুর রহমান রিটন এর নেতৃত্বে মেহেরপুর কমিউনিটি সেন্টারে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে বিশেষ আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়। অন্য দিকে জেলা যুবলীগের ব্যানারে একই কমিটির ২ নং যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে পালিত হয় যুবলীগের ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশেষ আলোচনা সভা।

সভায় ভার্চুয়াল কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

একই ব্যানারে পৃথক প্রোগ্রাম নিয়ে কাদা ছোড়াছুড়ি করেছেন নেতারা, দুষছেন একে অপরকে। জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন তার বক্তব্যে বলেন, এখন অনেকের যুবলীগ করতে শখ হয়েছে। যারা যুবলীগকে টেন্ডার বাজ বলতো, যারা এই যুবলীগকে সন্ত্রাসলীগ বলতো তারাই আজ যুবলীগ করতে চায়।

যারা মাদক নিয়ে পড়ে থাকতো , যারা মাদক সম্রাট নামে পরিচিত তারাই আজ যুবলীগকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। যাদের আমরা মাদকের জন্য যুবলীগ থেকে বহিষ্কার করেছি তারাই আজ আরেক জায়গায় যুবলীগ নেতা সেজেছে। নির্বাচনের সময় যুবলীগকে প্রয়োজন হয়, নির্বাচন চলে গেলে প্রয়োজন হারিয়ে যায়।

মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক বলেন, আজকের অনুষ্ঠানে আসার সময় অনেকেই মটরসাইকেলের সামনে হাত দিয়েছে। একটি কুচক্রী মহল যুবলীগকে নষ্ট করার জন্য বিভিন্ন পায়তারা সৃষ্টি করছে। নদীর পানি বন্যার সময় বাড়ে, সময় হলে সব শুকিয়ে যাবে।

জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য সাজিদুর রহমান সাজু বলেন, একটি কুচক্রী মহল, নামধারী জেলা যুবলীগের ব্যানার ব্যবহার করে গাংনী উপজেলা যুবলীগের কিছু কুলাঙ্গার মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের কটুক্তি করেছেন। গাংনীর ঐ

কুলাঙ্গারকে আমি স্পষ্ট বলতে চাই আপনি ভাষা ঠিক করুন।

আপনার মত স্কুল ব্যবসা করে, শিক্ষক নিয়োগে বাণিজ্য করে বহিষ্কার হওয়া নেতা রিটন না। আপনাকে দুই দুইবার শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি থেকে বহিষ্কার করা হয়েছিল। মেহেরপুরের মাটিতে এই ধরনের কথা বললে ভবিষ্যতে দাঁতভাঙ্গা জবাব দেবো। তিনি ২ নং যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের উদ্দেশ্যে বলেন, আপনি বলেছেন বর্তমান কমিটি অবৈধ কমিটি। আপনি এই কথা বলতে পারেন না। অনতিবিলম্বে এর শাস্তি দাবি করছি।

অন্যদের মধ্যে বক্তব্য দেন, মেহেরপুর জেলা যুবলীগের সদস্য ইউনুস আলী, মাহাবুব হাসান ডালিম, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক মিজানুর রহমান অপু, শহর যুবলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক শহীদুজ্জামান সুইট, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক রাইহান উদ্দিন, বাগোয়োন ইউনিয়ন যুবলীগের সভাপতি বাবুল মল্লিক, সাধারণ সম্পাদক আজিজুর রহমান মংলা, আমদহ ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আবদুস সামাদ, মোনাখালী ইউনিয়নের সাধারণ সম্পাদক শান্তি রাজ, মহাজনপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মফিজুর রহমান মজনু, সাধারণ সম্পাদক মিঠু, বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের সভাপতি উজ্জ্বল হোসেন, সাধারণ সম্পাদক রুমেল মোল্লা।

অন্যদিকে জেলা শিল্পকলা একাডেমীতে বিশেষ আলোচনা সভায় গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন জানান, মেহেরপুর জেলা যুবলীগের সফল কমিটি ভেঙ্গে যারা কালো পথে, বাকা পথে এই কমিটিতে এসেছেন তাদের আমরা ভালো করেই চিনি।

৬ থেকে ৭ বছর আগে মেহেরপুর জেলা যুবলীগের দায়িত্ব নিয়েছেন তারা কে ? খুলনা বিভাগের অস্ত্র ব্যবসায়ী । চালান হয়েছেন বারবার। তিনি মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক হয়েছেন।

টাকা দিয়ে তিনি মেহেরপুরে নেতৃত্বে দিতে আসে নাই, ব্যবসা করতে এসেছেন। আর একজন যুগ্ম-আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, উনি কে? উনি একজন আদম ব্যবসায়ী এবং তিনি একজন সাবেক সফল জেলা যুবলীগের সাধারণ সম্পাদক বিপুল হত্যার ১ নং আসামি। সেই বিচার এখনো চলমান আছে। তাই আজকের এই যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে আমি তার সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছি।

সভায় সভাপতিত্ব করেন সরফরাজ হোসেন মৃদুল। সভাপতির বক্তব্যে তিনি বলেন, আমার আহবানে মেহেরপুর যুবলীগের হাজার হাজার কর্মী এখানে

উপস্থিত হয়েছে। এতে বোঝা যায় মেহেরপুর যুবলীগ ঠিক নেতৃত্বহীনতায় ভুগছে। তাই আমাদের জনপ্রশাসন প্রতিমন্ত্রী মহদোয়ের কাছে একটাই দাবি, আগামী দিনে মেহেরপুর যুবলীগের সুষ্ঠু কমিটি গঠন করে দিবেন।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ এর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম-সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, পাবলিক প্রসিকিউটর ও আইন বিষয়ক সম্পাদক পল্লব ভট্টাচার্য, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক কামাল পলাশ, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাঁদু, মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদীব হাসান আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি একে আজাদ সাগর।

জেলা যুবলীগের পৃথক প্রোগ্রামে কাদা ছোড়াছুড়ির বিষয়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, আজকের অনুষ্ঠানের শুরুতেই আমরা নেতাদের বলেছিলাম কোন আক্রমণাত্মক বক্তব্য যেন না দেওয়া হয়। আজকের প্রোগামে আমি কোন কাদা ছোড়াছুড়ি দেখিনি। তাছাড়া বরাবরই আমি দেখে আসছি সবাই একসাথে থাকতে চাইনা।

হাসাদাহ প্রতিনিধি জানান, জীবননগর উপজেলার হাসাদাহে যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল বুধবার বিকালে হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সভাপতি জুম্মাত আলী মন্ডলের আয়োজনে কেক কেটে ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন হাসাদাহ ইউনিয়নের ৫ নং ওয়ার্ড আ.লীগের সভাপতি শুকুর মন্ডল, যুবলীগের সহ-সভাপতি মিন্টু আলী, লালন মন্ডল, আরিফ হোসেন, ইউনুচ মন্ডল, রহিম রহমান, টুটুল রহমান প্রমুখ।
চিৎলা প্রতিনিধি জানান, বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের পক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

গতকাল বুধবার বিকালে চিৎলা ইউনিয়নের কুলপালা গ্রামে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের যুগ্ম-আহবায়ক জনাবঃ শাহ্ আল ইমরান। এ সময় সভাপতির বক্তব্যে জনাব শাহ্ আল ইমরান বলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক জনাব নঈম হাসান

জোঃ এর হাতকে শক্তিশালী করার জন্য আমাদের প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। এই সময় উপস্থিত ছিলেন, সুরুজ মল্লিক, হিটলার, ইয়াসিন শাহ্, নাঈম শাহ, রোমিও শেখ, আসিফ ইকবাল, রিফাত, ইমেজ, শাকিল মন্ডল, তানভীর শাহ্, নাজমুল শাহ্, রাজিব শাহ, সাজু প্রমুখ।

কোটচাঁদপুর প্রতিনিধি জানান, বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বুধবার বিকালে পৌর যুবলীগের উদ্যোগে শহরের পায়রা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেইন বাজারে পৌর যুবলীগ কার্যালয়ে শেষ হয়। পরে পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল ও সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমানের উপস্থিতিতে পৌর যুবলীগ কার্যালয়ে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, যুগ্ম-আহ্বায়ক রাশেদুল ইসলাম রাশেদ, যুগ্ম-আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন, যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, সাবেক যুবলীগ সভাপতি মীর কাশেম আলী, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান আব্দুল মতিনসহ স্থানীয় আ.লীগ, যুবলীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা।
মেপ্র/এমএফআর

চুয়াডাঙ্গায় বিএনপি নেতা শরীফের রোগমুক্তির জন্য দোয়া

মাহফিল

মঙ্গলবার বাদ মাগরিব চুয়াডাঙ্গা রজব আলী সুপার মার্কেটে অবস্থিত জেলা বিএনপির কার্যালয়ে জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফ এর রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

উক্ত দোয়া মাহফিল পরিচালনা করেন চুয়াডাঙ্গা ভি জে স্কুল মসজিদের পেশ ইমাম সাহেব।

দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, আবু বক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মাহামুদুর রহমান পল্টু, জেলা সে¦চ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা বিএনপির নেতা মনিরুজ্জামান লিপটন, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব,

পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, কুদ্দুস মহলদার, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস,

সদর থানা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক তরিকুল আলম জোয়ার্দার বিলু, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, জেলা যুবদলের সদস্য নাজমুল হক নাজমুল, আব্দুর রশিদ, বেল্টু,

জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত, শামসুল হক ঝন্টু, প্রচার সম্পাদক মাবুদ সরকার, অর্থ সম্পাদক হাবিবুর রহমান রাজিব, তাঁতি বিষয়ক সম্পাদক মহাসিন আলী, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হাফিজুর ইসলাম হ্যাপি, সদস্য রুবেল হাসান, আব্দুল সামাদ, তুহিন ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আমানুল্লাহ আমান, আরিফ আহমেদ শিপল, জেলা ছাত্রদলের নেতা এম এইস মোস্তফা, শাহাবুদ্দিন, সোহেল সিদ্দিকী সোহেল, রফিক, আরিফুল, ছোটন, আকাশ।

মেহেরপুরে বঙ্গবন্ধু সৈনিক লীগ’র ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন

মেহেরপুর জেলায় বঙ্গবন্ধু সৈনিক লীগ এর ৭১ সদস্য বিশিষ্ট তিন বছর মেয়াদের একটি কমিটি গঠন করা হয়েছে।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের হল রুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে উপস্থিত ছিলেন জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন (এমপি)।

এসময় সোহেল রানা কে সভাপতি এবং তরুন আহমেদ কে সহ-সভাপতি করে তিন বছর মেয়াদী বঙ্গবন্ধু সৈনিক লীগ মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

রুবেল হোসেন, মতিরুল ইসলাম, ফিরোজ আলী, ওবায়দুল রহমান কে সাংগঠনিক সম্পাদক, শ্রী প্রকাশ কুমার অধিকারী কে যুগ্ম-সাধারণ সম্পাদক, আল মামুন কে দপ্তর সম্পাদক, শামিরুল ইসলামকে কৃষি সম্পাদক, সাহারুল ইসলাম কে ধর্ম বিষয়ক সম্পাদক, জামিরুল ইসলামকে যুব ও ক্রীড়া সম্পাদক ও এস এ তৈহিদ সরকার কে সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক ঘোষনা করা হয়েছে।

আলমডাঙ্গায় মেয়র প্রার্থী ফারুকের মতবিনিময় সভা অনুষ্ঠিত

আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচনে মেয়র প্রার্থী মতিয়ার রহমান ফারুকের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার রাত সাড়ে ৮ টার দিকে শহরের কাছারিবাজারে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

কাছারিবাজার আড়ত কমিটির সভাপতি ইমরুল কায়েসের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন প্রার্থী মতিয়ার রহমান ফারুক, বিশেষ অতিথি ছিলেন কাছারিবাজার আড়ত কমিটির সহ-সভাপতি মঈনুল হোসেন, উপজেলা মৎস আড়ত মালিক সমিতির সাধারণ সম্পাদক ইমদাদুল হক হিমেল,

কাঁচামাল ব্যবসায়ী খন্দকার মোশারফ হোসেন, মাসুদ সালেহীন উৎপল, আবু মুনছুর, শ্রী অনীল কুমার, সাইদুর রহমান বকুল, আনছার আলী, মোহাম্মদ আলী, আব্দুল হুদা, সাদ আহমেদ, কামাল আলী, উমর আলী, লাল্টু আলী, আলাউদ্দিন, আনোয়ার। সভাটি পরিচালনা করেন পৌর আওয়ামীলীগের সাংস্কৃতিক সম্পাদক আব্দুল লতিফ।

জো বাইডেনকে বিএনপির অভিনন্দন

যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় জো বাইডেনকে অভিনন্দন জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ রবিবার (৮ নভেম্বর) এক বার্তায় এই অভিনন্দন জানান বিএনপি মহাসচিব। জো বাইডেনের উদ্দেশে তিনি বলেন, তাঁর (বাইডেন) এই ঐতিহাসিক বিজয়ে বন্ধুপ্রতিম মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণের সঙ্গে বাংলাদেশের জনগণও আনন্দিত। তিনি বাংলাদেশের জনগণ, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি ও তাঁর নিজের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান বাইডেনকে।

বিএনপি মহাসচিব আশা প্রকাশ করেন, জো বাইডেন মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে সক্ষম হবেন এবং একইসঙ্গে বিশ্বে শান্তি, নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠায় জোরালো অবদান রাখবেন।

বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আমলে দুই দেশের গভীরতম সম্পর্কের কথা উল্লেখ করে ফখরুল আশা প্রকাশ করেন, জো বাইডেন সেই ধারাকে

এগিয়ে নিয়ে যাবেন। তিনি জো বাইডেনের সর্বাঙ্গীন সাফল্য, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

একই অভিনন্দন বার্তায় যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে অভিনন্দন জানিয়ে তাঁর সর্বাঙ্গীন সাফল্য, দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেন বিএনপি মহাসচিব।

কালীগঞ্জে বিএনপির বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে শহরের থানা রোডে অবস্থিত দলীয় কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ডা: নুরুল ইসলাম, আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক নজরুল ইসলাম তোতা, নজরুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, চেয়ারম্যান ইলিয়াস রহমান মিঠু, পৌর বিএনপির যুগ্ম আহবায়ক জাবেদ আলী, মোহাম্মদ আলী জিন্নাহ।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি নেতা আলী মোর্তুজা লিটু, প্রভাষক মুসা করিম, পিয়ার হোসেন, ওলিয়ার রহমান, মুরাদ হোসেন,মোদাচ্ছের আলী,মোহাম্মদ আলী,হুমায়ন কবির, আবু বক্কর রাজু, পৌর বিএনপি নেতা গোলাম সরোয়ার খোকা, শওকত হোসেন ফেলু, আব্দুল কুদ্দুস, আজিজুল ইসলাম, মহিউদ্দিন মহি, রবিউল ইসলাম, সাহেব আলী, উপজেলা যুবদল নেতা সুজাউদ্দিন পিয়াল, মোস্তফা কামাল টিটো, মঞ্জুরুল ইসলাম খোকা, পৌর যুবদল নেতা জাহিদুল ইসলাম জাহিদ, ফিরোজ কবির, আসাদুজ্জামান আসাদ, আব্দুল লতিফ, ইমরান হোসেন, বিলাল হোসেন, রিপন হোসেন, শ্রমিক দলের ফরিদ হোসেন, শামিম আহমেদ,

মৎস্যজীবী দলের পৌর আহবায়ক নাজমুল কবির রিপন, উপজেলা তাঁতীদলের আজিজুল ইসলাম বাটুল, লিটন মিয়া, পৌর তাঁতীদলের সদস্য সচিব জাহাঙ্গীর হোসেন, কৃষকদলের নেতা আমিন মোল্লা, স্বেচ্ছাসেবক দলের নেতা তোফাজ্জেল হোসেন তপন সোহেল রানা, এস এম মাসুম, উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, শাহদাৎ হোসেন রিওন, পৌর ছাত্রদলের সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন, শাওন, দিপু পারভেজ প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, ৭ নভেম্বর জাতীর এক ঐতিহাসিক অবিস্মরণীয় দিন। ১৯৭৫ সালের এ দিনে সৈনিক-জনতা রাজপথে নেমে এসেছিল জাতীয় স্বাধীনতা সুরক্ষা ও হারানো গণতন্ত্র পুনরুজ্জীবনের দৃঢ় প্রত্যয় বুকে নিয়ে। তাই ৭ নভেম্বরের ঐতিহাসিক বিপ্লব অত্যন্ত তাৎপর্যপূর্ণ। দেশমাতৃকার চরম সংকটকালে ১৯৭৫ এর ৩ নভেম্বর কুচক্রীরা জিয়াউর রহমানকে সপরিবারে সেনানিবাসে বন্দি করে।

এ অরাজক পরিস্থিতিতে ৭ নভেম্বর দেশপ্রেমিক সৈনিক এবং জনতার ঢল রাজপথে এক অনন্য সংহতির স্ফুরণ ঘটায় এবং জিয়াউর রহমান মুক্ত হন। বক্তব্য শেষে জিয়াউর রহমান ও বিএনপির প্রয়াত সকল নেতা কর্মীদের রূহের মাগফেরাতের জন্য দোয়া করা হয়।

কোটচাঁদপুরে বিএনপির বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঐতিহাসিক জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে আলোচনা সভা ও কাউন্সিলের মাধ্যমে সকল ইউনিয়ন বিএনপি’র নব-নির্বাচিত নেতৃবৃন্দের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) উপজেলা শাখার আয়োজনে স্থানীয় প্রধান বাসস্ট্যান্ড কার্যালয়ে এ আলোচনা ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র যুগ্ম-আহ্বায়ক আছির উদ্দীন, আজিজুর রহমান ফুটু, হাসান উদ্দীন, তমিজ উদ্দীন ও যুগ্ম-আহ্বায়ক আনিসুর রহমান।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মোঃ আবুবকর বিশ্বাস, সদস্য মোঃ রফিকুল ইসলাম, উপজেলা ছাত্র দলের আহ্বায়ক আব্দুস সামাদ মুকুল, উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক হারুন অর-রশিদ, সাবেক ছাত্র দলের সভাপতি আশরাফুজ্জামান খাঁন মুকুল,

উপজেলা যুবদলের সাবেক সভাপতি মোহাম্মদ আলী, উপজেলা বিএনপি’র সাবেক দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম, উপজেলা ছাত্র দলের সিনিয়র যুগ্ন-আহ্বায়ক লিয়ন আহমেদ, দোড়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি মিজানুর রহমান শান্টু, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান খোকা, কুশনা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোস্তফা সাহিদ, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ আশরাফ আলী, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহমেদ, ইউপি সদস্য ও বিএনপি নেতা মহিদুল ইসলাম প্রমুখ।

এসময় উপজেলা, ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায়র বিএনপির বিপ্লব ও সংহতি দিবস পালিত

গতকাল সন্ধ্যা ৬ টার সময় চুয়াডাঙ্গা রজব আলী সুপার মার্কেটে অবস্থিত জেলা বিএনপির কার্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে ।

জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর মোঃ সিরাজুল ইসলাম মনি।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু।

অনান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপি নেতা মনিরুজ্জামান লিপটন, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা মৎসজীবী দলের যুগ্ম আহবায়ক কামরুজ্জামান বাবলু, পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, কুদ্দুস মহলদার, থানা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক তরিকুল আলম জোয়ার্দার বিলু,

সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, পৌর যুবদলের সদস্য সচিব আজিজুল ইসলাম, হাফিজুর রহমান হ্যাপি, আব্দুর রশিদ, নাজমুল হক, রাশেদুল ইসলাম, জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি শামসুল হক ঝন্টু, যুগ্ম সম্পাদক হাসান মাস্টার, অর্থ সম্পাদক হাবিবুর রহমান রাজিব, তাঁতী বিষয়ক সম্পাদক মহাসিন আলী, সানোয়ার, আব্দুস ছামাদ, তুহিন ইসলাম, ইনামুল হক ইমন, জেলা ছাত্রদল নেতা এম.এইস মোস্তফা, শাহাবুদ্দিন, সাইমুজ্জামান মিশা, রফিক, নাজমুল, আমির হোসেন, জিতু, আকাশ, কনক, আরিফুল ইসলাম, আরমান প্রমুখ।

মুজিবনগরে বাগোয়ান ওয়ার্ড আওয়ামীলীগের মতবিনিময় ও

প্রতিবাদ সভা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস এর বিরুদ্ধে নিজ দলের কিছু কুচক্রী মহল, ষড়যন্ত্রকারী নানা মিথ্যা ও বানোয়াট কথা রটানোর বিরুদ্ধে মতবিনিময় ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মানিকনগর ডি এস আমিনিয়া মাদ্রাসা প্রঙ্গনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়নের ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ফিতাজ মল্লিক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বাগোয়ান ইউপি আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ও কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুব উদ্দীন মল্লিক।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আহসান মোল্লা, জাহাঙ্গীর হোসেন, উলফাত শেখ,নজরুল ইসলাম, সুজিত মন্ডল, জাহিদ হোসেন, সম্পাদক রাহাতুল্লাহ, কামাল হোসেন, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুল রহমান মোংলা, সম্পাদক বাবুল মল্লিক, বাগোয়ান ইউপি সদস্য আনোয়ারুল ইসলাম, দিলিপ মল্লিক, সোহরাব উদ্দীন, কাজী কোমর উদ্দীন সেলিম, বাগোয়ান ইউনিয়নের ৯ টি ওয়াডের বিপুল সংখ্যাক আওয়ামীলীগ, যুবলীগ,ছাত্রলীগের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।